ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

বৃহস্পতিবার | ৩ নভেম্বর ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ৫৯ সংখ্যা | ১৮ কার্তিক ১৪২৯ সাল | ৭ রবিউস সানি ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

# আইআইইউসিতে শিক্ষক উন্নয়ন কনফারেন্স

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে (আইআইইউসি) টিচার হেল্পিং টিচার্স ও বেল্টা চিটাগং সাউথ চ্যাপ্টারের উদ্যোগে দিনব্যাপী শিক্ষক উন্নয়ন কনফারেন্স আইআইইউসির বিওটি ভবনে সম্প্রতি অনুষ্ঠিত হয়। জাপানের বিশ্ববিদ্যালয়গুলোর প্রফেসরগণের পরিচালনায় বিভিন্ন স্কুল-কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ইংরেজি শিক্ষকগণ এতে অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন আইআইইউসির ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. মহিব উল্লাহ।
ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির বিশেষ অতিথি হিসেবে বক্তব্য উপস্থাপন করেন এবং শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার ব্যাপারে গুরুত্বারোপ করেন।




*আইআইইউসিতে শিক্ষক উন্নয়ন কনফারেন্সে অতিথিবৃন্দ*

নতুন প্রজন্মের শিক্ষকদের আধুনিক ভাষা শিক্ষাবিদ্যার সাথে পরিচিত করতে এই কর্মশালার আয়োজন করা হয়। জাপান থেকে আসা রিসোর্স পার্সন প্রফেসর ড. প্যাট্রিক ডওয়ার্টি, প্রফেসর অ্যান ম্যাকলেলান ও প্রফেসর সেসিলিয়া সিলভার প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 3 November 2022, Page: 3, Col: 3
https://edainikazadi.net/index.php?page=1&date=2022-11-3

বৃহস্পতিবার
চট্টগ্রাম
৩ নভেম্বর ২০২২
১৮ কার্তিক ১৪২৯
৭ রবিউস সানি ১৪৪৪
বর্ষ-১০, সংখ্যা-৩১১

১০ বছরে
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

পার্কভিউ হসপিটাল লিমিটেড
৯৪/১০৩, কাতালগঞ্জ রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম
24/7 চালু টেলিফোন ও মোবাইল নাম্বার সমূহ
টিএনটি ফোন নাম্বার
02-334455071-6
02-334451901-6
মোবাইল নাম্বার
01976-022111
01976-022333

শুভ সকাল
ব্যাংকে নিয়োগের বয়সসীমা শিথিল করল বাংলাদেশ ব্যাংক

দশ কথার এক কথা
মুচলেকা দিয়ে পালানোই বিএনপির রাজনীতি: কাদের

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com
৮ পৃষ্ঠা | ৭ টাকা

চট্টগ্রামে শনাক্ত ১,২৯,৪৫৭ মৃত্যু ১,৩৬৭

শেষ পাতায়
আজ থেকে শিক্ষার্থীদের জন্য নতুন বই ছাপা শুরু

# আইআইইউসিতে ইংরেজি শিক্ষকদের কনফারেন্স

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে, টিচার হেল্পিং টিচার্স এবং বেল্টা চিটাগং সাউথ চ্যাপ্টারের উদ্যোগে দিনব্যাপী শিক্ষক উন্নয়ন কনফারেন্স আইআইইউসির বিওটি ভবনে অনুষ্ঠিত হয়।

জাপানের প্রখ্যাত বিশ্ব বিদ্যালয়গুলোর প্রফেসরদের পরিচালনায় বিভিন্ন স্কুল-কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ইংরেজি শিক্ষকগণ এতে অংশগ্রহণ করেন। সভাপতিত্ব করেন বেলটা চিটাগং সাউথ এর চ্যাপ্টার চেয়ার এবং আইআইইউসির ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. মহিবউল্লাহ। ফ্যাকাল্টি অব আর্টস অ্যান্ড হিউম্যানিটিস এর ডীন এবং আইআইইউসি এর ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ূন কবির বিশেষ অতিথি হিসেবে বক্তব্য উপস্থাপন করেন এবং শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন। বিজ্ঞপ্তি

Ref: Dainik Purbodesh, Date 3 November 2022, Page: 3, Col: 2
https://epurbodesh.com/index.php?date=03-11-2022&page=3

চট্টগ্রাম বৃহস্পতিবার ৩ নভেম্বর ২০২২

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৭তম বর্ষ ২৫২তম সংখ্যা ।। ১৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ ।। ৭ রবিউসসানি ১৪৪৪ হিজরি ।। Thursday 3 November 2022 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



*আইআইইউসি ইংরেজি শিক্ষকদের মানোন্নয়নে কনফারেন্স*

# আইআইইউসি ইংরেজি শিক্ষকদের মানোন্নয়নে কনফারেন্স

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এ টিচার হেল্পিং টিচার্স এবং বেল্টা চিটাগং সাউথ চ্যাপ্টারের উদ্যোগে দিনব্যাপী শিক্ষক উন্নয়ন কনফারেন্স আইআই ইউসির বিওটি ভবনে অনুষ্ঠিত হয়। জাপানের বিশ্ববিদ্যালয়গুলোর প্রফেসরগণের পরিচালনায় বিভিন্ন স্কুল-কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ইংরেজি শিক্ষকগণ এতে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বেলটা চিট-াগং সাউথ এর চ্যাপ্টার চেয়ার এবং আইআইইউসির ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. মহিব উল্লাহ।ফ্যাকাল্টি অব আর্টস অন্ড হিউম্যানিটিস এর ডীন এবং আইআইই-উসি এর ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ূন কবির বিশেষ অতিথির বক্তব্য রাখেন। জাপান থেকে আসা রিসোর্স পারসন প্রফেসর ড. প্যাট্রিক ডওয়ার্টি, প্রফেসর এন ম্যাকলেলান এবং প্রফেসর সেসিলিয়া সিলভার প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করেন। -বিজ্ঞপ্তি

Ref: Dainik Purbikone, Date: 3 November 2022, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-11-3

চট্টগ্রাম • বৃহস্পতিবার • ৩ নভেম্বর ২০২২ • ১৮ কার্তিক ১৪২৯ • ৭ রবিউস সানি ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ৭৮

রূপান্তর নবযাত্রা ৩৩

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ মামলা দিয়ে তারেক রহমানকে রুদ্ধ করা যাবে না : দিপ্তী

৫ ওসিসহ ২ কর্তার বিরুদ্ধে অভিযোগ সাতকানিয়ায়

৬ 'ভারতের বিরুদ্ধে সব সময় এটাই নিয়তি'



**যমজ সন্তানের মা হচ্ছেন অহনা!**
গাইনি ডাক্তার পরীক্ষা করে জানালেন, অভিনেত্রী অহনা রহমানের পেটে জমজ সন্তান! বিষয়টি মানতে নারাজ অহনা।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬

## রণজিৎ রক্ষিত স্মরণে আবৃত্তিসন্ধ্যা

বরেণ্য আবৃত্তিশিল্পী ও সংগঠক রণজিৎ রক্ষিত স্মরণে সম্মিলিত আবৃত্তি জোটের উদ্যোগে তাঁর চতুর্থ স্মৃতিসভা ও আবৃত্তিসন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সন্ধ্যায় চট্টগ্রাম জেলা শিল্পকলা একাডেমির জয়নুল আর্ট গ্যালারিতে অনুষ্ঠিত এই স্মৃতিসভায় সভাপতিত্ব করেন আবৃত্তি জোটের সাবেক সভাপতি অঞ্চল চৌধুরী। জোটের সহসভাপতি প্রণব চৌধুরীর সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন জোটের সাধারণ সম্পাদক মো. মুজাহিদুল ইসলাম। অনুষ্ঠানে প্রয়াত আবৃত্তিশিল্পীকে নিয়ে স্মৃতিতর্পণ করেন বোধনের সভাপতি আবদুল হালিম দোভাষ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ও চবি আবৃত্তি মঞ্চের উপদেষ্টা মাছুম আহমেদ, আবৃত্তি জোটের সহ-সভাপতি বনকুসুম বড়ুয়া ও মছরুর হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক আলী প্রয়াস, অর্থ সম্পাদক অনির্বাণ চৌধুরী, সাংগঠনিক সম্পাদক ইকবাল হোসেন জুয়েল, নির্বাহী সদস্য আনোয়ারুল ইসলাম বাপ্পী, সুপ্রিয়া চৌধুরী, সেলিম ভুইয়া প্রমুখ।

অনুষ্ঠানে আবৃত্তি পরিবেশন করেন উচ্চারকের সাধারণ সম্পাদক শামীমা ইয়াছমিন, চবি আবৃত্তি মঞ্চের উম্মে সালমা নিঝুম, বোধনের সত্যজিৎ চক্রবর্তী, তারুণ্যের উচ্ছ্বাসের আনিকা ইবনারত সূচি, স্বপ্নযাত্রীর ইনাম ইলহাম, প্রমিতির অর্পিতা চৌধুরী, স্বদেশের মেরিলিন এ্যানি, মুক্তধ্বনির নাসরিন সোলতানা তমা, চট্টলার কাওসার মজুমদার, অঙ্গনের সানজিদা রশীদ, একুশের অনুকা গুহ, বৈখরীর স্মৃতি দে প্রমুখ। বিজ্ঞপ্তি

### আইআইইউসি

## ইংরেজি শিক্ষকদের মানোন্নয়নে কনফারেন্স

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে, টিচার হেল্পিং টিচার্স এবং বেল্টা চিটাগং সাউথ চ্যাপ্টারের উদ্যোগে দিনব্যাপী শিক্ষক উন্নয়ন কনফারেন্স আইআইইউসির বিওটি ভবনে অনুষ্ঠিত হয়।

জাপানের প্রখ্যাত বিশ্ববিদ্যালয়গুলোর প্রফেসরগণের পরিচালনায় বিভিন্ন স্কুল-কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ইংরেজি শিক্ষকগণ এতে অংশ নেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বেলটা চিটাগং সাউথের চ্যাপ্টার চেয়ার এবং আইআইইউসির ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. মহিবউল্লাহ।

ফ্যাকাল্টি অব আর্টস অন্ড হিউম্যানিটিসের ডিন এবং আইআইইউসির ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির বিশেষ অতিথি হিসেবে বক্তব্য উপস্থাপন করেন এবং শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার ব্যাপারে গুরুত্বারোপ করেন। যা শিক্ষকদের আরো উজ্জীবিত ও শাণিত করবে। তিনি শিক্ষকদের সর্বদা নতুন কিছু শিখতে ও শিখাতে এবং কৌতুহলী থাকার পরামর্শ দেন । নতুন প্রজন্মের শিক্ষকদের আধুনিক ভাষা শিক্ষাবিদ্যার সাথে পরিচিত করতেও অনুপ্রাণিত করার লক্ষ্যে, এই কর্মশালার আয়োজন করা হয়।

এটি শিক্ষকদের জন্য নতুন দৃষ্টিভঙ্গি উন্মুক্ত করেছে । উপস্থিত শিক্ষকগণ হাতে কলমে পাঠদানের সৃজনশীল পদ্ধতি ও মূল্যায়ন শিখেছেন ।

জাপান থেকে আসা অভিজ্ঞ রিসোর্স পারসন প্রফেসর ড. প্যাট্রিকডওয়ার্টি, প্রফেসর অ্যান ম্যাকলেলান এবং প্রফেসর সেসিলিয়া সিলভার প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করেন। তারা শিক্ষকদের পাঠদানের বিভিন্ন কৌশল এবং ধারণার সাথে পরিচয় করিয়ে দেন যা শিক্ষার্থীদের বিকাশের জন্য প্রতিদিনের ক্লাসরুমে প্রয়োগ করা যেতে পারে।

বিভিন্ন দেশে দীর্ঘদিন যাবত শিক্ষকতার বৈচিত্র্যময় অভিজ্ঞতা দিয়ে বিদেশি প্রফেসরগণ ইন্টারেক্টিভসেশনের মাধ্যমে শুরু থেকে শেষ পর্যন্ত শিক্ষকদের নিমগ্ন রাখেন। বিজ্ঞপ্তি



আইআইইউসির শিক্ষক উন্নয়ন কনফারেন্সে অংশগ্রহণকারীরা

Ref: esuprobhat, Date: 3 November 2022, Page: 3, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-11-3